ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত ২



ছবি: সংগৃহীত

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের মুন্সিগঞ্জের শ্রীনগরে অজ্ঞাত একটি গাড়ির ধাক্কায় মোটরসাইকেল আরোহী দুই তরুণ-তরুণী নিহত হয়েছেন। বৃহস্পতিবার (১২ নভেম্বর) রাত সাড়ে ৩টার দিকে সমষপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন ঢাকার মিরপুরের শেওড়াপাড়ার বাসিন্দা রাফি (২০) ও জান্নাতুল মাওয়া জ্যোতি (১৯)।

পুলিশ ও ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, ঢাকা থেকে মাওয়ার দিকে যাওয়ার সময় দ্রুতগতির একটি গাড়ি মোটরসাইকেলটিকে পেছন থেকে ধাক্কা দেয়। এতে ছিটকে পড়ে ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয়।

মুন্সিগঞ্জ ফায়ার সার্ভিসের উপসহকারী পরিচালক মুহাম্মদ শফিকুল ইসলাম জানান, খবর পেয়ে শ্রীনগর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। পরে সেগুলো হাঁসাড়া হাইওয়ে পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

হাঁসাড়া হাইওয়ে থানার ইনচার্জ সোহেল রানা জানান, নিহত দুজন বন্ধু ছিলেন। মাওয়া ঘুরতে যাওয়ার পথেই দুর্ঘটনাটি ঘটে। স্বজনদের খবর দেওয়া হয়েছে। তারা এলে পরবর্তী আইনি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।